# উপজেলা পরিষদ

ধনবাড়ী, টাঙ্গাইল।

## উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২১ মাসের সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ হারুনার রশিদ<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইল। |
| সভার তারিখ | ঃ | ২৮ সেপ্টেম্বর ২০২১ খ্রি.। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইল এর সভাকক্ষ। |

সভার উপস্থিতির সদস্যগণের হাজিরা হাজিরা বহিতে সংরক্ষিত আছে।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি  উপজেলা নির্বাহী অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জ্ঞাপন করেন। উপজেলা নির্বাহী অফিসার সভায় সকলকে ধন্যবাদ জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সকলকে আলোচনায় অংশগ্রহণের জন্য আহবান জানান।

**০১।বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন এবং বিস্তারিত আলোচনান্তে কোন সংশোধনী না থাকায় সকল আলোচনা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০২। বিভিন্ন বিভাগ/ দপ্তরের কার্যক্রম।

(ক) **উপজেলা স্বাস্থ্য বিভাগঃ**

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলছে। তিনি বলেন এমপি মহোদয়ের মাধ্যমে হাসপাতালে একটি এ্যাম্বুল্যান্স পাওয়া গিয়েছে। তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে বলেন কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম যাতে ভালোভাবে চলে সেদিকে খেয়াল রাখার জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল।

**(খ)উপজেলা কৃষি বিভাগঃ**

উপজেলা কৃষি অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল তার আলোচনায় উল্লেখ করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক গতিতেই চলছে। তিনি বলেন গত আমন মৌসুমে সেচ ও প্রাকৃতিক দুর্যোগের কারনে ফসল আশানরূপ না পাওয়ায় পুনরায় কৃষকের মাঝে বীজ সরবরাহ করা হয়। সকলকে ধন্যবাদ জানিয়ে  তিনি তার বক্তব্য শেষ করেন।

**সিদ্ধান্তঃ** আলোচনান্তে  বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ**উপজেলা কৃষি অফিসার,ধনবাড়ী, টাঙ্গাইল।

**(গ) উপজেলা মৎস্য বিভাগঃ**

উপজেলা মৎস্য কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক গতিতেই চলছে। মৎস চাষীদের আধুনিক প্রযুক্তি নির্ভর মাছ চাষে উৎসাহী হতে ইউনিয়ন পর্যায়ে মৎসচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের আওতায় ০৯(নয়)টি প্রদর্শনী কার্যক্রম চলমান আছে। নিয়মিত হাট বাজার পরিদর্শন, মৎসচাষীদের পরামর্শ প্রদানসহ দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয় ।

**বাস্তবায়নেঃ**উপজেলা মৎস্য কর্মকর্তা,ধনবাড়ী, টাঙ্গাইল।

**(ঘ) উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ**

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলছে। তিনি জানান নতুন প্রাণী সম্পদ অফিসার আসাতে কার্যক্রম ভাল হচেছ। তিনি সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করে তিনি তার বক্তব্য শেষ করেন।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয় ।

**বাস্তবায়নেঃ**উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,ধনবাড়ী, টাঙ্গাইল।

**(ঙ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ**

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান টিআর কাবিখা যাতে দ্রুত শুরু করা যায় এ বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়দের প্রকল্প খুব দ্রুত পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ**উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,ধনবাড়ী, টাঙ্গাইল।

**(চ) উপজেলা সমাজসেবা বিভাগঃ**

উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, উপজেলা সমবায় বিভাগের সকল কাজ সুষ্ঠু ও স্বাভাবিক গতিতেই চলছে। তিনি ধনবাড়ী উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষন করে বলেন ইউনিয়ন থেকে বিভিন্ন ভাতার তালিকা না আসায় তালিকা প্রস্তুত করা সম্ভব হচ্ছে না। তিনি সকলকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। তিনি সমাজসেবা বিভাগের সকল কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয় এবং নতুন ভাতাভোগীদের তালিকা অতি দ্রুত তৈরি করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ**উপজেলা সমাজসেবা কর্মকর্তা,ধনবাড়ী, টাঙ্গাইল।

**(ছ) উপজেলা শিক্ষা বিভাগঃ**

উপজেলা শিক্ষা অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল বলেন তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়

**বাস্তবায়নেঃ**উপজেলা শিক্ষা অফিসার,ধনবাড়ী, টাঙ্গাইল।

**(জ)উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ**

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, প্রশিক্ষণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ভিজিডি প্রোগ্রামের কাজ চলছে। তিনি জানান ২০২১-২০২২ অর্থবছরে দারিদ্র মার জন্য মাতৃত্বকালীন ভাতা কার্ড প্রিন্ট এবং ২০২১-২০২২ অর্থবছরে কর্মজীবি ল্যাকটেটিং মাদার ভাতা প্রদান কার্ড তৈরী বাবদ সর্বমোট ২৮০০/- টাকা ব্যয় হয়েছে। এ ব্যয় পরিশোধে তিনি উপজেলা চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি নারী দিবস উদযাপনে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। ২০২১-২০২২ অর্থ বছরে দারিদ্র মার জন্য মাতৃত্বকালীন ভাতা কার্ড প্রিন্ট এবং ২০২১-২০২২ অর্থবছরে কর্মজীবি ল্যাকটেটিং মাদার ভাতা প্রদান কার্ড তৈরী বাবদ সর্বমোট ২৮০০/- উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ**উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,ধনবাড়ী, টাঙ্গাইল।

**(ঝ)উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ**

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলছে। তিনি বলেন ২০২১-২০২২ অর্থবছরে সেপ্টেম্বর/২১ মাসে কোন প্রশিক্ষণার্থী নেই। ক্রমপুঞ্জিত প্রশিক্ষণার্থীর সংখ্যা ২১৮৯ জন। সেপ্টেম্বর মাসে ঋণ বিতরণ ১২,৭০,০০০/- টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৭৪,৬৯,০০০/- টাকা। আদায়ের হার ৯৯%।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ**উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,ধনবাড়ী, টাঙ্গাইল।

**(ঞ) উপজেলা প্রকৌশলী বিভাগ (এল.জি.ই.ডি)ঃ**

(১) উপজেলা প্রকৌশলী সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। উপজেলা প্রকৌশলী জানান মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষে নতুন ফ্যান, ক্রোকারিজ মালামাল ও দরজা জানালার পর্দা স্থাপন বাবদ ব্যয় ১৬,১৮০/- টাকা, উপজেলা পরিষদ নন-গেজেটেড কোয়ার্টার ১/২ ও ১/১ এর টয়লেট সমূহের মল ও পানি নিষ্কাশন বাবদ ২৫০০/- টাকা ব্যয় এবং ২০২১-২০২২ অর্থ বছরে কর্মজীবি ল্যাকটেটিং মাদার ভাতা প্রদান কার্ড প্রিন্ট বাবদ ২৮০০/- ব্যয় হয়েছে বলে জানান। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে।

(২) উপজেলা প্রকৌশলী আরও বলেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সহ সভা কক্ষ মেরামত ও রংকরণ, সভা কক্ষের পর্দা ক্রয় এবং মিটিং টেবিলের গ্লাস সংযোজনের প্রয়োজনীয়তা সভায় উল্লেখ করেন এবং উক্ত কাজগুলো বাস্তবায়নের জন্য ২,০০,০০০/- টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ এর জন্য ব্যবহৃত ফটোকপিয়ার, প্রিন্টার ও স্ক্যানার সম্পূর্ণ বিকল অবস্থায় রয়েছে। তাই দাপ্তরিক কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার সার্থে একটি ফটোকপিয়ার, ১ টি প্রিন্টার ও ১ টি স্ক্যানার ক্রয় করা অত্যাবশ্যক। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়।

(৩) তিনি জানান যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, তাঁর কার্যালয়ের আসবাবপত্র, সভা কক্ষের আসবাবপত্র, অডিটরিয়াম এর আসবাবপত্র এবং অফিস সরঞ্জাম মেরামত না করা হলে অকেজো হবে। তাই এই আসবাবপত্রগুলো ব্যবহার উপযোগী রাখার জন্য মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ(১) মহিলা ভাইস চেয়ারম্যান, ধনবাড়ী, টাঙ্গাইল এর অফিস কক্ষে নতুন ফ্যান, ক্রোকারিজ মালামাল ও দরজা জানালার পর্দা স্থাপন বাবদ ব্যয় ১৬,১৮০/- টাকা এবং নন-গেজেটেড কোয়ার্টার ১/২ ও ১/১ এর টয়লেট সমূহের মল ও

পানি নিষ্কাশন বাবদ ২৫০০/- টাকা এবং ২০২১-২০২২ অর্থ বছরে কর্মজীবি ল্যাকটেটিং মাদার ভাতা প্রদান কার্ড প্রিন্ট বাবদ ২৮০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) উপজেলা রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- টাকার মধ্যে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সহ সভা কক্ষ মেরামত ও রংকরণ, সভা কক্ষের পর্দা ক্রয় এবং সভা কক্ষের টেবিলে গ্লাস সংযোজনের এবং উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০১৪ এর ৫ ধারার (চ) নং উপ-ধারা মোতাবেক ২,০০,০০০/- টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে অফিস সরঞ্জাম ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

(৪) বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০১৪ এর ৫ ধারার (ছ) উপধারা মোতাবেক ৫০,০০০/- টাকার মধ্যে আসবাবপত্র মেরামত ও (ঞ) উপধারা মোতাবেক ২৫,০০০/- টাকার অফিস সরঞ্জামাদি রক্ষনাবেক্ষণ/মেরামত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইল।
২। উপজেলা নির্বাহী অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল।
৩। উপজেলা প্রকৌশলী,ধনবাড়ী, টাঙ্গাইল।

**(ট)উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ**

উপজেলা উপ-সহকারী প্রকৌশলী, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলছে। তিনি জানান অফিসের নিজস্ব কোন ভবন না থাকায় কাজকর্মে সমস্যা হচ্ছে। এ বিষয়ে তিনি উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ**উপজেলা সহ-প্রকৌশলী (জনস্বাস্থ্য),ধনবাড়ী, টাঙ্গাইল।

**(ঠ)উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ**

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে,বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলছে। তিনি জানান বাংলাদেশের পুরাতন সকল উপজেলায় উপজেলা পল্লীভবন আছে। কিন্তু ধনবাড়ী উপজেলায় কোন বিআরডিবির নিজস্ব কোন ভবন নেই। তিনি জানান ধনবাড়ী উপজেলায় পল্লীভবন নির্মানের জন্য সদর দপ্তর বিআরডিবি থেকে উদ্যোগ নেয়া হয়েছে। সভায় তিনি জানান পল্লীভবন নির্মানের জন্য উপজেলা পরিষদ চত্বরে ৫০(পঞ্চাশ) শতাংশ জায়গা প্রয়োজন। এ বিষয়ে তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সদয় অনুরোধ জ্ঞাপন করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি তার বক্তব্য শেষ করেন।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ**উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,ধনবাড়ী, টাঙ্গাইল।

**(ঢ)উপজেলা সমবায় বিভাগঃ**

উপজেলা সমবায় অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক গতিতেই চলছে। তিনি জানান ধনবাড়ী উপজেলায় সমবায় ভিত্তিক দুগ্ধ উৎপাদন নিশ্চিতকরণ প্রকল্পের আওতায় প্রাপ্ত ঋণ তহবিলের পরিমান ৬,৩৭,৫০,০০০/- টাকা। আলোচ্য মাসে ২০ জন সদস্যের মাঝে ১৯,৫০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ঋণের আসল বাবদ ২,৬৯,০০০/- টাকা ও সার্ভিস চার্জ বাবদ ৭৬,৭৩৫/- টাকা আদায় হয়েছে। ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণের পরিমান ১২,২১,৫০,০০০/- টাকা এবং আদায়ের পরিমান ৭,৬৭,৯৪,৪৬০/- টাকা ও সার্ভিস চার্জ আদায় ৬৪,৮১৬৩৫/- এবং মাঠে পাওনা ঋণের পরিমান ৪,৫৩,৫৫,৫৪০/- টাকা।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। ঋণ আদায় কার্যক্রম চলমান রাখার জন্য সভায় অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ**উপজেলা সমবায় কর্মকর্তা,ধনবাড়ী, টাঙ্গাইল।

**(ড)উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ**

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলছে। তিনি জানান ধনবাড়ী উপজেলায় সকল পরীক্ষা কেন্দ্রে সুষ্ঠু নকলমুক্ত পরিবেশে এসএসসি ও সমমানের পরীক্ষা/২০১৮ গ্রহন করা হয়েছে। তিনি জানান ধনবাড়ী উপজেলায় মোট ৩৫টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাস কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত পরীবিক্ষণ ছক যথাযথভাবে পূরণ পূর্বক উর্দ্ধতন কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করা হয়েছে।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ**উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,ধনবাড়ী, টাঙ্গাইল।

**(ন)উপজেলা খাদ্য বিভাগঃ**

বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান বর্তমান সরকারের ঘোষিত কর্মসূচীর আওতায় ১০ টাকা কেজি চাল বিক্রি কার্যক্রম শুরু হবে। প্রায় ৩০-৪০ হাজার লোকের মাঝে এ চাল বিতরণ করা হবে। এ বিষয়ে উপজেলা চেয়ারম্যান মহোদয় জানান চাল বিতরণের যে তালিকা করা হয়েছে সে তালিকার কার্ডগুলি বেশিরভাগই ডিলারের কাছে থাকার কারনে সরকারের কাঙ্খিত লক্ষ্য পুরনে ব্যর্থ হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। এ বিষয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কাছে প্রয়োজনীয় দিকনির্দেশনা কামনা করেন এবং সকলের সহযোগিতা কামনা করেন।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ**উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,ধনবাড়ী, টাঙ্গাইল।

**(ত)উপজেলা পরিসংখ্যান বিভাগঃ**

উপজেলা পরিসংখ্যান অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল জানান যে, পরিসংখ্যান বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক গতিতেই চলছে।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ**উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,ধনবাড়ী, টাঙ্গাইল।

**(থ)পল্লী বিদ্যুৎ সমিতিঃ**

এ.জি.এম, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, ধনবাড়ী জোনাল অফিস, ধনবাড়ী, টাঙ্গাইল জানান গত ফেব্রুয়ারী মাসে ১৭৬৭ জন নতুন গ্রাহককে বিদ্যুৎ সংযোগের আওতায় আনা হয়েছে। আগামী ২০-২৬ মার্চ যে কোন দিন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ধনবাড়ী উপজেলায় শতভাগ বিদ্যুতায়িত উপজেলা হিসেবে শুভ উদ্বোধন ঘোষণা করা হবে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলছে।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ**এ.জি.এম, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, ধনবাড়ী জোনাল অফিস,ধনবাড়ী, টাঙ্গাইল।

**(দ) উপজেলা নির্বাচন অফিস ঃ** উপজেলা নির্বাচন কর্মকর্তা জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় স্বাভাবিক কার্যক্রমের মান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

**(ধ)** ইন্সট্রাক্টর, ইউআরসি ঃ

বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। তিনি জানান ইউআরসির নতুন ভবনের কাজ সম্পন্ন হয়েছে। আগামী ২০-০৩-২০১৭ খ্রি. তারিখে মধুপুর-ধনবাড়ী আসনের মাননীয় সংসদ সদস্য ও বাংলাদেশ আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য জনাব আব্দুর রাজ্জাক মহোদয় ভবনটি উদ্বোধন করবেন বলে তিনি জানান।

**(ন)** অফিসার-ইন-চার্জ, ধনবাড়ী, টাঙ্গাইল তার বক্তব্যে জানান ধনবাড়ী উপজেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। তিনি ধনবাড়ী উপজেলার আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে সকলের সহযোগিতা কামনা করে তিনি তার বক্তব্য শেষ করেন।

**(প)** চেয়ারম্যান, বীরতারা ইউনিয়ন পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইল উপজেলা প্রকৌশলী বিদায়লগ্নে তাকে তার বর্ণিল কর্মময় জীবনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং ধনবাড়ী উপজেলার সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের পক্ষ থেকে তিনি ধন্যবাদ জানান। তিনি জানান উপজেলা পরিষদের চেয়ারম্যানের পিতা, ইউএনও মহোদয়ের মা নির্বাচন অফিসারের বাবা খুব অল্প সময়ের ব্যবধানে মারা যাওয়ায় তিনি এ সভায় একটি শোক প্রস্তাব দেন।
সভাপতিসহ উপস্থিত সকল সদস্যের মতামতের ভিত্তিতে সভায় শোক প্রস্তাব গৃহীত হয়। পরে সকল বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে ০১(এক) মিনিট নিরবতার পালন করা হয়।

**(ফ)** চেয়ারম্যান, বীরতারা ইউনিয়ন পরিষদ তার ইউনিয়ন পরিষদে কর্মরত গ্রাম পুলিশ বাবুরাম রাজভর এর বিভিন্ন অনৈতিক, অসামাজিক ও বেআইনি কাজে জড়িত থাকার কারনে ইউনিয়ন পরিষদ মাসিক সভার মাধ্যমে তাকে বীরতারা ইউনিয়ন পরিষদ থেকে স্থায়ীভাবে অব্যাহতি প্রদানের সিদ্ধান্তটি উপজেলা মাসিক সমন্বয় সভায় অনুমোদনের অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত ঃ চেয়ারম্যান, বীরতারা ইউনিয়ন পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইলের প্রস্তাবনা মোতাবেক বীরতারা ইউনিয়ন পরিষদে কর্মরত গ্রাম পুলিশ বাবুরাম রাজভরকে বিভিন্ন অনৈতিক, অসামাজিক ও বেআইনি কাজে জড়িত থাকার অভিযোগে বীরতারা ইউনিয়ন পরিষদ থেকে স্থায়ীভাবে অব্যাহতি প্রদানের সিদ্ধান্তটি উপজেলা মাসিক সমন্বয় সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**৩। ১৭ টি কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সংক্রান্ত আলোচনাঃ**

উপজেলা নির্বাহী অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল বলেন, উপজেলার **১৭** টি কমিটির প্রত্যেকটি কমিটি প্রতি ০২ মাসে অন্তত ০১ টি করে সভা করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, প্রতিটি কমিটির সদস্য সচিব সহ সকল সদস্যগণকে অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ** বিভিন্ন কমিটির সদস্য সচিবগণ প্রতি ০২ মাসে অন্তত একটি করে সভা অনুষ্ঠিত করে সভার কার্যবিবরনী চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ১**। ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইল।
২। সদস্য সচিব(সকল) ধনবাড়ী উপজেলার **১৭**টি কমিটি, ধনবাড়ী, টাঙ্গাঈল।

**৪। গুরুত্বপূর্ণ আইন-কানুন, আদেশ নির্দেশ সদ্য জারীকৃত পরিপত্র সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

উপজেলা নির্বাহী অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল জানান,গুরুত্বপূর্ণ কোন আইন-কানুন, আদেশ নির্দেশ জারী হয় নাই।

অতঃপর সভায় কোন আলোচনা না থাকায় বিভাগীয় প্রধানকে কার্যপত্র সহ নিয়মিত সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানান এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ হারুনার রশিদ)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা মাসিক সভা
ধনবাড়ী, টাঙ্গাইল।

স্মারক নং - ০৫.০০.৯৩২৫.০০০.১৭.০২৫.১৪- (৪০) তারিখ ঃ ২৮/০৯/২০২১খ্রি.

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। জনাব ড. মোঃ আব্দুর রাজ্জাক, এমপি, মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
০৫। পুলিশ সুপার, টাঙ্গাইল।

**সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইল।
০২। মেয়র,ধনবাড়ী পৌরসভা।
০৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইল।
০৪। চেয়ারম্যান ........................ ইউনিয়ন পরিষদ, (সকল), ধনবাড়ী, টাঙ্গাইল।
০৫। উপজেলা...........................................................................অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল।
০৬। জনাব.........................................................

উপজেলা নির্বাহী অফিসার
ধনবাড়ী, টাঙ্গাইল।